

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ / ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২০৯-আইন/২০১০/৫৫৮-মূসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশে প্রদণ ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৭শে জ্যৈষ্ঠ, ১৪১০ মোতাবেক ১০ জুন, ২০০৮ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৭২-আইন/২০০৮/৪১৮-মূসক রহিতক্রমে নিম্নরূপ পরিসীমা ও শর্ত সাপেক্ষে, ব্যবসায়ী কর্তৃক মূল্য সংযোজন কর (মূসক) প্রদানের নিম্ন মূল্য সংযোজনের পরিমাণ এবং হার নির্দিষ্ট করিল, যথাঃ-

- (১) ব্যবসায়ীর ক্ষেত্রে মূল্য সংযোজনের হার বিশ (২০) শতাংশ হইবে; এবং
- (২) ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী বা দোকানের ক্ষেত্রে সর্বনিম্ন বার্ষিক এককালীন ও মাসিক কিসিতে কর পরিশোধের সুবিধার্থে নিম্ন টেবিলের কলাম ২ এ উল্লিখিত এলাকার বিপরীতে কলাম-৩ এ উল্লিখিত মূল্য সংযোজনের পরিমাণ ধার্য ও কলাম ৫ এ উল্লিখিত পরিমাণ মূল্য সংযোজন কর প্রদেয় হইবে, যথাঃ-

টেবিল

ক্রমিক নং	যে সকল এলাকার জন্য প্রযোজ্য	সর্বোচ্চ বার্ষিক মূল্য সংযোজনের পরিমাণ	মূল্য সংযোজন করের হার	প্রদেয় ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ
১	২	৩	৪	৫
১.	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	৮০,০০০/- টাকা	১৫%	৬,০০০/- টাকা
২.	অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	৩২০০০/- টাকা	১৫%	৪৮০০/- টাকা
৩.	জেলা শহরের পৌর এলাকা	২৪০০০/- টাকা	১৫%	৩৬০০/- টাকা
৪.	দেশের অন্যান্য এলাকা	১২০০০/- টাকা	১৫%	১৮০০/- টাকা

(৩) শর্তাবলী :-

- (ক) যেই ক্ষেত্রে কোন ব্যবসায়ী অনুচ্ছেদ ১ এ উল্লিখিত মূল্য সংযোজনের হারের ভিত্তিতে কর প্রদান করিতে চাহেন, সেই ক্ষেত্রে তিনি প্রত্যেক অর্থ বৎসরের ৩১শে জুলাই এর মধ্যে তৎসম্পর্কে এই প্রজ্ঞাপনের সহিত সংযুক্ত “ফরম” এ একটি ঘোষণা সংশ্রিত বিভাগীয় কর্মকর্তার নিকট দাখিল করিবেন;
- (খ) উপ-অনুচ্ছেদ (ক) এ বর্ণিত ঘোষণা মোতাবেক আবেদনকারী ব্যবসায়ী ঘোষণার তারিখ হইতে তাঁহার আমদানিকৃত বা সংগৃহীত পণ্য মূল্যের সহিত বিশ (২০) শতাংশ

হারে মূল্য সংযোজন গণনা করিয়া মোট মূল্যের উপর ৩ (তিনি) শতাংশ হারে প্রদেয় মূল্য সংযোজন কর নিরূপণ করিবেন;

- (গ) উপ-অনুচ্ছেদ (খ) এ বর্ণিত সুবিধা গ্রহণের উদ্দেশ্যে ব্যবসায়ীকে প্রতিটি ক্রয়, বিক্রয়, সরবরাহের হিসাব, নিজস্ব বাণিজ্যিক দলিলাদি, চলতি হিসাব পুস্তক এবং চালানপত্র পুস্তক সংরক্ষণ করিতে হইবে;
- (ঘ) আবেদনকারী ব্যবসায়ী প্রতি মাসের নিরূপিত মূল্য সংযোজন কর পরবর্তী মাসের পনের তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে মূল্য সংযোজন কর “১/১১৩০/০০০০/০৩১১” খাতে সরকারী কোষাগারে জমা প্রদান করিবেন এবং ট্রেজারী চালানের মূল কপিসহ মাসিক দাখিলপত্র সংশ্লিষ্ট এলাকার স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে উক্ত একই তারিখের মধ্যে দাখিল করিবেন;
- (ঙ) কর প্রদানকারী ব্যবসায়ী আইনের ধারা ৯ এর আওতায় উপকরণ কর রেয়াত প্রাপ্য হইবেন না;
- (চ) বিভাগীয় কর্মকর্তা, সার্কেল সুপারিনিটেনডেন্ট ও সংশ্লিষ্ট ইন্সপেক্টরের সহায়তায় ক্ষুদ্র ব্যবসায়ীর তালিকা তৈরী এবং অন্যান্য ব্যবসায়ীর বার্ষিক টার্ণওভার নির্ধারণসহ প্রদেয় করের পরিমাণ নিরূপণ করিবেন;
- (ছ) ক্ষুদ্র ব্যবসায়ীদের ক্ষেত্রে কেবলমাত্র পণ্য ক্রয়ের দলিলাদি সংরক্ষণসহ ক্যাশ মেমো ও বিক্রয় পুস্তক সংরক্ষণ করিতে হইবে।

(৮)

- অনুচ্ছেদ-১ হইতে ৩ এ যাহা কিছুই থাকুক না কেন,
- (ক) ব্যবসায়ী কর্তৃক বিশ (২০) শতাংশ এর কম বা বেশী মূল্য সংযোজন অর্থাৎ প্রকৃত মূল্য সংযোজনের মাধ্যমে বিক্রয়ের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ধার্যের জন্য মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫ এর উপ-ধারা (২) অনুসারে মূল্য নির্ধারিত হইবে;
- (খ) ব্যবসায়ীকে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩ এর বিধান অনুযায়ী মূল্য বিষয়ে ফরম মূসক-১খ তে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার নিকট ঘোষণা প্রদান করিতে হইবে। বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত মূল্যের ভিত্তিতে ১৫% হারে মূসক প্রদানযোগ্য হইবে :

তবে শর্ত থাকে যে, এই দফায় ঘোষণা প্রদান করিবার ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের সহিত সংযুক্ত ফরম এ ঘোষণা প্রদানের প্রয়োজন হইবে না;

- (গ) প্রকৃত মূল্য সংযোজনের ক্ষেত্রে ব্যবসায়ীর ক্রয়কৃত উপকরণের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করা যাইবে, যাহা ব্যবসায়ী কর্তৃক প্রদেয় মূসক এর বিপরীতে চলতি হিসাবে সমন্বয়যোগ্য হইবে। উপর্যুক্তরূপে উপকরণ কর রেয়াত গ্রহণ ও প্রকৃত হারে মূসক পরিশোধ করার লক্ষ্যে ব্যবসায়ীকে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ২২ অনুযায়ী হিসাব সংরক্ষণ করিতে হইবে।

“ফরম”

[শর্ত (ক) দ্রষ্টব্য]

- ১। অতিষ্ঠানের নাম ও ঠিকানা : |
- ২। মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর ও তারিখ : |
- ৩। ব্যবসায়ের ধরন : |
- ৪। ব্যবসায়স্থলের বিবরণ :
- (ক) ঘরের আয়তন :
 - (খ) কর্মচারীর সংখ্যা ও তাহাদের মাসিক বেতন :
 - (গ) বিদ্যুৎ, টেলিফোন, ভাড়া ইত্যাদি/থাতে
মাসিক সম্ভাব্য ব্যয় :
 - (ঘ) যে সব পণ্যের ব্যবসায় করা হয় তাহার মধ্যে প্রধান পণ্য :
 - (১)
 - (২)
 - (৩)
 - (৪)
- ৫। মাসিক সম্ভাব্য টার্গওভার : |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ড. মোঃ সহিদুল ইসলাম]
প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)